দৈনিক ইনকিলাব

তারিখ ... 28 MAR 1993 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# শিক্ষাঙ্গনে

## কোনটি সঠিক ?

শিশুরাই দেশের ভবিষ্যৎ আর শিশুরা যাতে করে ভবিষ্যতে দেশের কর্ণধারব হতে পারে সেই লক্ষ্য শিশুদেরকে গড়ে তোলা হয় উপযুক্ত শিক্ষার মাধ্যমে। কিন্তু সে শিক্ষার মধ্যে যদি কোনটি ঠিক এবং কোনটি বেঠিক এরূপ অনিশ্চয়তা থাকে— তবে ভবিষ্যত প্রজন্ম সঠিকরূপে গড়ে উঠতে পারে না।

অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, অষ্টম শ্রেণীর "সমাজ বিজ্ঞান ও বাংলাদেশ" বইটিতে সপ্তম অধ্যায়ের ৯৫ পৃষ্ঠায় এশিয়ার অবস্থান সম্বন্ধেব লেখা রয়েছে যে "এশিয়া মহাদেশ— ২৫° পূর্ব দ্রাঘিমাংশ হতে আরম্ভ করে ১৮০° পূর্ব দ্রাঘিমা রেখা অতিক্রম করে আরো ৫ ডিগ্রি গেছে অর্থাৎ ১৭৫ পশ্চিম দ্রাঘিমা পর্যন্ত বিস্তৃত," অপরদিকে ৯ম ও ১০ম শ্রেণীর মাধ্যমিক ভূগোল বইটিতে এশিয়ার অবস্থান সম্বন্ধে লেখা রয়েছে যে "এশিয়া মহাদেশ ২৫° পূর্ব হতে ১৭০° পশ্চিম দ্রাঘিমা পর্যন্ত বিস্মৃত", এশিয়ার এখানে আমরা দুইরূপ অবস্থান লক্ষ্য করছি। ৮ম শ্রেণীর বইটিতে আছে ১৭০° ডিগ্রী পশ্চিম দ্রাঘিমা আবার ৯ম ও ১০ম শ্রেণীর বইটিতে লেখা রয়েছে ১৭০° পশ্চিম দ্রাঘিমা পর্যন্ত বিস্তৃত। এ দুইয়ের মধ্যে কোনটি ঠিক।

এছাড়াও ৮ম শ্রেণীর বইয়ে যেখানে লেখা রয়েছে "এশিয়া মহাদেশের ভূপ্রকৃতিকে পাঁচ ভাগে ভাগ করা যায়, ৯ম ও ১০ম শ্রেণীর বইতে সেখানে লেখা রয়েছে "এশিয়া মহাদেশের ভূ-প্রকৃতিকে তিন ভাগে ভাগ করা যায়"। এবারেও আমার প্রশ্ন কোনটি ঠিক আর কোনটি বেঠিক ? ১৯৯৩ সালের জন্য মুদ্রিত সকল শ্রেণীর বইয়ে কমবেশি এরূপ ভুল পরিলক্ষিত হচ্ছে, এ সম্বন্ধে বিভিন্ন পত্র-পত্রিকায় লেখালেখিও হচ্ছে।

এখন আমার বক্তব্য হচ্ছে এরূপ ভুল যাতে করে আগামীতে বইপুস্তকে না হয়, সেদিকে কর্তৃপক্ষের বিশেষ সতর্ক দৃষ্টি দেওয়া প্রয়োজন।

—শেখ মঞ্জুর আলী (শোভন),